দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 JAN 2017 ...
পৃষ্ঠা ...১৫... কলাম ...৮......

# শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং ব্যবস্থা আরো গতিশীল করতে হবে : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রম আরো গতিশীল করতে হবে। সেজন্য শিক্ষা মন্ত্রণালয়াধীন অধিদপ্তর ও সংস্থাকে যথাযথ মনিটরিং ও মূল্যায়ন নির্দেশক নির্ধারণ করে এ কাজ করতে হবে। মন্ত্রী গতকাল বুধবার ঢাকায় বিশ্বসাহিত্য কেন্দ্রে 'পরিবীক্ষণ ও মূল্যায়নের রূপরেখা, অর্জন ও লব্ধ অভিজ্ঞতা' শীর্ষক দিনব্যাপী কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং এ কর্মশালার আয়োজন করে।

মন্ত্রী বলেন, শিক্ষার মান উন্নয়নে প্রতিষ্ঠানসমূহের কার্যকর মনিটরিং ও মূল্যায়ন খুবই জরুরী। স্কুল মনিটরিংয়ের জন্য পিয়ার ইভালুয়েশন ব্যবস্থা চালু করা হয়েছে। স্কুল পর্যায়ে মেয়ে শিশুদের ঝরে পড়া অনেকটাই কমেছে এবং জেন্ডার সমতা অর্জিত হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমদ ও মহিউদ্দিন খান, বিশ্বসাহিত্য কেন্দ্রের অধ্যাপক আব্দুল্লাহ আবু সাইদ, মাউশির মনিটরিং এন্ড ইভালুয়েশন উইংয়ের পরিচালক প্রফেসর ড. মো. সেলিম মিয়া এবং বিশ্বব্যাংকের প্রতিনিধি টিএম আসাদুজ্জামান বক্তব্য রাখেন।